শিল্প-সমন্বয়ের লক্ষ্যে কমিটি গড়ল রাজ্য

আজকালের প্রতিবেদন

শিল্প-সমন্বয়ের লক্ষ্যে ‘স্টেট লেভেল সিনার্জি কমিটি’ গড়ল রাজ্য সরকার। নবান্ন সূত্রে খবর, কমিটির শীর্ষে রয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ। অর্থ, শিল্প, পূর্ত, পরিবহণ, তথ্যপ্রযুক্তি, ভূমি, ক্ষুদ্র ছোট মাঝারি উদ্যোগ, পরিবেশ, কৃষি, শিক্ষা-সহ ১৬টি দপ্তরের সচিবদের নিয়ে গঠিত হয়েছে এই কমিটি। এ রাজ্যে বিনিয়োগে আগ্রহী শিল্পপতিদের শিল্প স্থাপনের জন্য সময় বেঁধে প্রয়োজনীয় সব ব্যবস্থা করবে এই কমিটি। শিল্প স্থাপনের লক্ষ্যে রাজ্য সরকারের কাছে আবেদন করলে, জমি-সহ সব ব্যবস্থা করে দেবে এই কমিটি। উদ্যোগপতিকে কোনও সমস্যার মুখোমুখি হতে হবে না। বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে উদ্বোধনী মঞ্চে এই কমিটি তৈরির কথা জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সম্মেলন শেষ হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে তাঁর নির্দেশমতো এই কমিটি তৈরি হল। কমিটি কাজ শুরু করবে আজ, শনিবার থেকে বলে নবান্ন সূত্রে খবর।

শেয়ালের তাড়ায় অপহৃতকে ফেলে পালাল দুষ্কৃতীরা

মিল্টন সেন

হুগলি,৭ ফেব্রুয়ারি

শেয়ালের তাড়ায় ভেস্তে গেল অপহরণ করে মুক্তিপণ আদায়ের ছক। অপহৃতকে উদ্ধার করল পুলিশ। বিদেশে কাজ দেওয়ার নাম করে চণ্ডীতলা থেকে যুবককে ডেকে অপহরণ করে নিয়ে আসা হয় সাহাগঞ্জের ডানলপের পরিত্যক্ত কারখানায়। সেখানে গাছে বেঁধে মারধরের লাইভ ভিডিও দেখিয়ে পরিবারের কাছে টাকা দাবি করে তারা। এদিকে, রাতে জঙ্গলের চারদিক থেকে দলে দলে শেয়াল ধেয়ে আসে। ভয় পেয়ে সেখান থেকে পালায় অপহরণকারীরা। কোনও রকমে বাঁধন খুলে দৌড়ে রাস্তায় পৌঁছয় যুবক। বৃহস্পতিবার সকালে অপহরণ করা হয় চণ্ডীতলা নবাবপুরের ছিটপুকুরের নাসিরউদ্দিন মল্লিককে। তাঁর দাবি, ওই দিন সকালে সাফাজুল মণ্ডল তাঁকে ফোন করে বলে সৌদি আরবে কাজ দেবে। সাফাজুলের সঙ্গে এক ব্যক্তি তাঁকে ডানলপ কারখানা সংলগ্ন পরিত্যক্ত জঙ্গলের নিয়ে গাছে বেঁধে মারধর করে। ভিডিও কল করে মারধরের ভিডিও দেখায় মুম্বইয়ে কর্মরত তাঁর ছেলেকে। দু লক্ষ টাকা দাবি করে। ফোন করে নাসিরুদ্দিনের স্ত্রীকেও। তাঁর কাছেও মুক্তিপণ বাবদ পাঁচ লক্ষ টাকা দাবি করে। রাত সাড়ে ১০টা নাগাদ এক দল শেয়াল ধেয়ে আসে সেখানে। শেয়াল দেখে তাঁকে ফেলে পালায় দুষ্কৃতীরা।

ডানকুনিতে যুবক খুন

শুক্রবার সন্ধেয় ডানকুনিতে যুবককে গুলি করে খুন। নাম বান্টি সাউ (৩৫)। বাড়ি ডানকুনির বন্দের বিলে। পেশায় জেসিবি চালক। কাজ সেরে বাড়ি ফেরার সময় গুলিবিদ্ধ হন বান্টি। পুলিশ তাঁকে শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসক জানান, আগেই মৃত্যু হয়েছে তাঁর।

কলকাতায় জেনেটিক কাউন্সেলিং চালু হল সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টারে

অনাদি কৃষ্ণ নন্দী

সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (এস জি সি সি আর আই) ঠাকুর পুকুর, কলকাতায় পূর্ব ভারতে ক্যান্সার চিকিৎসার অগ্রগতির দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে বংশগত ক্যান্সারের জন্য একটি জেনেটিক ক্লিনিক চালু করল। এই ক্লিনিকের লক্ষ্য বংশগত ক্যান্সার রোগের ঝুঁকিতে থাকা ব্যক্তিদের স্বল্প ব্যয়ে এবং উন্নত জেনেটিক পরীক্ষা এবং পরামর্শ প্রদান ও প্রতিরোধ নিশ্চিত করা। ১ ফেব্রুয়ারি, ২০২৫ উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক ও স্বনামধন্য ব্যক্তিগণ যাঁরা উপস্থিত ছিলেন তাঁদের মধ্যে ডাঃ রাজীব সারিন, প্রফেসর অফ রেডিয়েশন অঙ্কোলজি, এবং ইন-চার্জ এবং ক্যান্সার জেনেটিক্স ক্লিনিক, মুম্বই টাটা হসপিটাল এবং ডাঃ অর্ণব গুপ্ত, মেডিকেল ডিরেক্টর, ও ডাঃ রাহুল রায়চৌধুরি, কনসালট্যান্ট গাইনোকোলজিক্যাল অঙ্কোলজিস্ট এবং কনসালট্যান্ট ক্যান্সার জেনেটিক্স ক্লিনিক, ডাঃ সমীর ভট্টাচার্য, হেড অফ রিসার্চ অ্যান্ড সার্জিক্যাল অঙ্কোলজি অ্যান্ড ইনচার্জ ক্যান্সার জেনেটিক্স ক্লিনিক, অঞ্জন গুপ্ত সম্পাদক, এবং ডাঃ গৌতম ভট্টাচার্য সহকারী সম্পাদক, এস জি সি সি আর আই।



জেনেটিক ক্লিনিক নিবন্ধিত রোগীদের জন্য বিনামূল্যে যে জেনেটিক কাউন্সেলিং সেশন অফার করে যার মধ্যে ঝুঁকি মূল্যায়ন এবং প্রতিরোধমূলক নির্দেশিকা অন্তর্ভুক্ত রয়েছে। অন্যান্য চিকিৎসা প্রতিষ্ঠান থেকে রেফার করা রোগীদের জন্য নামমাত্র ফি চালু করা হয়েছে। সপ্তাহে দু’দিন বুধ ও শুক্রবার সকাল ১০টা থেকে ২টো পর্যন্ত। এই প্রতিষ্ঠানটি প্রশিক্ষিত চিকিৎসক এবং জেনেটিক নার্স কাউন্সেলর দ্বারা পরিচালিত হয়।

এই প্রতিষ্ঠানের মূল রূপকার ডাঃ সরোজ গুপ্তের দর্শন অনুসারে, এই উদ্যোগ সকলের জন্য ক্যান্সার চিকিৎসায় এক নতুন দিক উন্মোচন করবে।

‘সকলের জন্য আর্থিক অবস্থা অনুযায়ী জেনেটিক কাউন্সেলিং এবং পরীক্ষা সুলভ করা। সেইসঙ্গে ঝুঁকিতে থাকা ব্যক্তিদের যথাযথ রোগ নির্ণয় এবং ক্যান্সারের প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করে আমরা সম্ভাব্য ক্ষেত্রে এই রোগ দেহে ছড়িয়ে পড়ার আগেই রোগীর যাতে জীবন বাঁচাতে পারি, সেটাই আমাদের প্রকৃত লক্ষ্য’, বললেন ডাঃ অর্ণব গুপ্ত।

গৃহঋণ মেলা পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, বারাসাত, উত্তর ২৪ পরগোনা, সার্কেল অফিস এবং তার অধিনস্ত শাখা গুলোর একান্তিক ব্যবস্থাপনায় ৭ই এবং ৮ই ফেব্রুয়ারি ২০২৫ এ নারায়না হাসপাতালের নিকটে পূর্বাঞ্চল ময়দানেঅনুষ্ঠিত হল গৃহঋণ মেলা। প্রধান ইঞ্জিনিয়ার, বারাসাত মিউনিসিপ্যাল কর্পোরেশন, শ্রী স্নেহাশিস চ্যাটার্জি এবং শ্রী মনোজ পান্ডে, সচিব, চেম্বার অফ কমার্সের হাত ধরে উদ্বোধন হল এর মেগা গৃহ ঋণ মেলার। উক্ত অনুষ্ঠানে উপস্থিথ ছিলেন ব্যাঙ্কের অন্যান্য বিশিষ্ট আধিকারিক এবং জৈন গ্রুপ, সৃজন, ঋষি, ফরচুন, মঙ্গোলিয়া ইত্যাদি সহ ১২ জন রিয়েল এস্টেটের বিশিষ্ট কর্ণধার ও আধিকারিক বৃন্দ। এই মেগা মেলায় ঋণ নিতে আগ্রহী এমন মানুষজন উদ্বুদ্ধ করতে বিশিষ্ট আধিকারিকরা নিজের ব্যক্তব্য রাখেন।

লালবাগে নতুন প্যাথলজি সেন্টার



মধ্যবিত্তের কথা মাথায় রেখে মুর্শিদাবাদে লালবাগ পাঁচরাহা মোড়ে লাইফসেল ও স্টে কিওরের যৌথ উদ্যোগে চালু হল একটি অত্যাধুনিক প্যাথলজি কালেকশন সেন্টার, যেখানে একই ছাদের তলায় প্রায় সাড়ে ৪ হাজার প্যারামিটার টেস্ট করা যাবে। মুর্শিদাবাদে এই প্রথম এই ধরনের বিশ্বমানের প্যাথলজি ল্যাব খুলল। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ পুরসভার চেয়ারম্যান ইন্দ্রজিৎ ধর, জনপ্রতিনিধি সঙ্গীতা বর্ধন, দীপক বর্ধন, মানিকচন্দ্র দাস, নারায়ণ চন্দ্র দাস, সুমন হালদার এবং স্টে কিওরের ডিরেক্টর মিঠুন দাস।

পঞ্জাব নৈশনল বৈঙ্ক (ভারত সরকার কা উপক্রম) pnb punjab national bank (Govt. of India Undertaking) Oriental United

সার্কেল সস্ত্র: উত্তর ২৪ পরগনা
৪৮-এ, যশোহর রোড, বারাসত (শেঠ পুকুরের কাছে), পশ্চিমবঙ্গ, পিন- ৭০০ ১২৪, ফোন: ০৩৩-২৫৮৪-৪১৬৯
ই-মেল: cs8291@pnb.co.in

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

ই-নিলামের মাধ্যমে স্থাবর/ অস্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য সাধারণ বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং তৎসহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী, ২০০২-এর নিয়ম ৮(৬)-এর প্রয়োগ অনুসারে স্থাবর সম্পত্তির ই-নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি।

এতদ্বারা জনগণের কাছে বিশেষত ঋণগ্রহীতাদের এবং জামিনদাতাদের কাছে সাধারণ ভাবে এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিম্নে বর্ণিত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের (সুরক্ষিত পাওনাদারের) কাছে বন্ধকে / অভিযুক্ত থাকা স্থাবর সম্পত্তিগুলি পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক দ্বারা দখল (বাস্তবিক / গঠনমূলক— নীচে সম্পত্তির সাথে উল্লেখ করা) নেওয়া হয়েছে, যা কোনও প্রকার ক্ষতিপূরণ ব্যাতিরেকে ঋণগ্রহীতা / জামিনদাতাদের থেকে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের বকেয়া, পরবর্তী সুদ, ব্যয়, খরচ ইত্যাদি টাকা আদায়ের জন্য ‘যেখানে আছে সেখানে’, ‘যা কিছু আছে তা’ এবং ‘যেমন আছে তেমন’ শর্তে নীচের ছকে লিখিত নির্দিষ্ট সম্পত্তি অনুযায়ী নির্দিষ্ট তারিখে বিক্রয় হবে। সংরক্ষিত মূল্য এবং অগ্রিম মূল্য (ইএমডি) জমার পরিমাণ নীচের ছকে সম্পত্তি অনুযায়ী উল্লেখ করা আছে।

বিক্রয় প্রক্রিয়া নিম্নস্বাক্ষরকারীর দ্বারা সম্পন্ন হবে ই-নিলাম প্ল্যাটফর্মের ওয়েব পোর্টাল (https://baanknet.com) ওয়েবসাইটের মাধ্যমে। জনসাধারণকে নিজে থেকে অথবা কোনও অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে দর দেওয়ার জন্য আহ্বান করা হচ্ছে।

ইএমডি ও নথি জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ২৪.০২.২০২৫

ইএমডি-র মূল্য ব্যাঙ্কনেট পোর্টালে https://baanknet.com-এর মাধ্যমে জমা করতে হবে

অন্য আধিকারিক / অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ:
শ্রী দুর্জয় রাভা, মোবাইল: ৬০০০৪ ১০০০৫ / শ্রী চন্দন কুমার, মোবাইল: ৮৪৩৬৩ ৯২৯২১, ই-মেল: cs8291@pnb.co.in

ক্রম. নং	ক) ঋণগ্রহীতা / জামিনদাতার নাম এবং ঠিকানা খ) সংশ্লিষ্ট শাখার নাম গ) সম্পত্তির আইডি	সম্পত্তির অবস্থান ও বিশদ বিবরণ	১৩(২) অনুযায়ী বিজ্ঞপ্তিতে বাকি অর্থের পরিমাণ, যে জন্য সম্পত্তি বিক্রি হচ্ছে	ক) সংরক্ষিত মূল্য (লক্ষে) খ) ইএমডি (লক্ষে) গ) দর গুণক (লক্ষে)	ক) ই-নিলামের তারিখ ও সময় খ) দায়ভারের বিবরণ
১.	ক) অরুণাভ বাউল খ) ব্যারাকপুর শাখা গ) PUNBABA37749380	একটি নিজস্ব-বসবাসকারী মার্বেল মেঝের আবাসিক ফ্ল্যাটের সমস্ত অংশ উত্তর-পশ্চিম দিকে পঞ্চম তলে অবস্থিত, যার মধ্যে রয়েছে ২টি শোওয়ার ঘর, ০১টি ড্রয়িং কাম ডাইনিং, ০১টি রান্নাঘর, ০২টি স্নানাগার (শৌচ সহ) এবং ০১টি বারান্দা, পরিমাপ সুপার বিল্ট আপ এরিয়া সহ ১০২৫ বর্গফুট (অর্থাৎ ২০% কভার্ড এলাকায় এবং সিঁড়ি ও লিফটের আনুপাতিক ভাগ রয়েছে) সঙ্গে জমির অবিভক্ত আনুপাতিক ভাগ সহ সিঁড়ি, লিফট, প্রয়োজনীয় সাধারণ এলাকাগুলি, জলাধার, সেপটিক ট্যাঙ্ক, কমন ওয়ে, পথ, মোটর, পাম্পের ঘর ইত্যাদি এবং “রমলা অ্যাপার্টমেন্ট” নামক ভবনের অন্যান্য সাধারণ অধিকারের সাথে সুযোগ-সুবিধা ব্যবহার করার অধিকার সমেত হোল্ডিং নং ২৯৬/১, নপাড়া কালীবাড়ি রোডে অবস্থিত, বারাসত মিউনিসিপ্যালিটির ওয়ার্ড নং ১১ (পূর্ববর্তী ২৪), থানা- বারাসত, জেলা- উত্তর ২৪ পরগনা, সঙ্গে লিফট সুবিধা সহ বাস্তু জমির অবিভক্ত, অনির্ধারিত, অবিভাজ্য ভাগের পরিমাপ একই একটু কম বেশি ৭ কাঠা ১৩ ছটাক যেটা ১২.৯০ শতকের সমান, মৌজা- নপাড়ায় অবস্থিত, জে.এল নং ৮৩, রে.সু নং ১৩৭, তৌজি নং ১৪৬, সাবেক দাগ নং ১৪৩৯, যার সাথে আরএস দাগ নং ১৪৩১ সম্পর্কিত, আরএস খতিয়ান নং ৪১২- এর অধীনে, কনভেয়েন্স ডিড নং ১৫১৯০০৬৩৬, ২০২১ সাল অনুযায়ী, বই নং ১, ভলিউম নং ১৫১৯-২০২১, পৃষ্ঠা ২৪৯৩২ থেকে ২৪৯৮০ পর্যন্ত, এডিএসআরও- কদম্বগাছিতে রেজিস্ট্রিকৃত। **ফ্ল্যাটের সীমানায় রয়েছে:** উত্তরে- খোলা আকাশ, দক্ষিণে- সিঁড়ি ও লবি, পূর্বে- ফ্ল্যাট নং ৪ই, পশ্চিমে- খোলা আকাশ, এবং জমির চারপাশে রয়েছে: উত্তরে- গোবিন্দ চন্দ্র দে’র জমি, দক্ষিণে- ২৫ ফুট প্রশস্ত নপাড়া কালীবাড়ি রোড এবং তপন বটব্যাল ও অন্যদের জমি, পূর্বে- বিমল পোদ্দার এবং তপন বটব্যাল ও অন্যদের জমি, পশ্চিমে- ৬ ফুট প্রশস্ত প্যাসেজ এবং গোবিন্দ চন্দ্র দে ও অন্যদের জমি। **সম্পত্তির মালিক- অরুণাভ বাউল। (সম্পত্তিটি বাস্তবিক দখলের অধীনে রয়েছে)**	২৬,৪৪,৪৫৮.২২ টাকা, সঙ্গে ০১.১২.২০২৩ থেকে পরবর্তী সুদ এবং খরচ	ক) ২০.২৫ লক্ষ টাকা খ) ২.০২৫ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) ব্যাঙ্কের কাছে জানা নেই
২.	ক) আশিস ঘোষ পিতা- স্বর্গীয় বিষ্টুপদ দাস ঘোষ ২. মিসেস কাকলি ঘোষ স্বামী- আশিস ঘোষ খ) ব্যারাকপুর শাখা গ) PUNBABA40411399	“ইন্দু ভবন” নামক আবাসিক ভবনের ন্যায়সঙ্গত বন্ধকীর দলিল নং ০৩৯৭৭/১৮, ফ্ল্যাট নং এফ, ব্লক- বি, পঞ্চম তল ১১৪/১২- এ রয়েছে যার কভার্ড এরিয়া ৬৭৬.৯০ বর্গফুট এবং সুপার বিল্ট আপ এরিয়া কম বেশি ৮১২.২৮ বর্গফুট, বহুতল ভবনে রয়েছে দুটি শোওয়ার ঘর, একটি রান্নাঘর, একটি লিভিং কাম ডাইনিং, একটি শৌচালয় এবং একটি বারান্দা (মার্বেল এবং লিফট সুবিধা সহ) যেটা জেলা- উত্তর ২৪ পরগনায় অবস্থিত, থানা- খড়দহ, সাব-রেজিস্ট্রি অফিস- সোদপুর, এল.আর দাগ নং ৬৮৭, খতিয়ান নং ১০০৫/১, আর.এস খতিয়ান নং ২৬৫, জে.এল নং ৩, আর.এস নং ৬১, তৌজি নং ১৮৪-১৯০, আরএস দাগ নং ৩৩১/৩৪৭, মৌজা- রহড়া, পুরনো ক্যালকাটা রোড, পোস্ট- রহড়া, পিন- ৭০০১১৮। **(সম্পত্তিটি বাস্তবিক দখলের অধীনে রয়েছে)**	১৫,৩০,৩৬৮.০০ টাকা, সঙ্গে ব্যাঙ্ক/ সুরক্ষিত পাওনাদারের কাছে বকেয়া থাকা পরবর্তী সুদ ও খরচ	ক) ১৪.৫০ লক্ষ টাকা খ) ১.৪৫ লক্ষ টাকা গ) ০.১৫ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) ব্যাঙ্কের কাছে জানা নেই
৩.	ক) অসিত কুমার মিত্র পিতা- স্বর্গীয় সুনীল কুমার মিত্র খ) হালিশহর শাখা গ) PUNBABA40434198	ভবন সহ বাস্তু জমির সমস্ত অংশের পরিমাপ প্রায় ০১ কাঠা ০৮ ছটাক ১০ বর্গফুট, বা ১০৯০ বর্গফুট বা ২.৫০ শতক, পরগনা- হাবেলিশহরে অবস্থিত, মৌজা- খাসবাটি, জে.এল নং ৭, রে.সা নং ৩১, তৌজি নং ২৫১৯, হাল তৌজি- ১, আরএস খতিয়ান নং ১৫২, আরএস দাগ নং ৭১৩/৮০৩, লক্ষ্মী নারায়ণ কলোনির হোল্ডিং নং ১৮/১৭/১৮৩- এর স্থানীয় এক্তিয়ারের অধীনে, হালিশহর মিউনিসিপ্যালিটির ওয়ার্ড নং ১৩, থানা- বিজপুর, জেলা- উত্তর ২৪ পরগনা, দানপত্র নং ১০৩৮৫, ২০১২ সাল অনুযায়ী, বই নং ১, সিডি ভলিউম নং ২৯, পৃষ্ঠা ৯০৩ থেকে ৯১৯ পর্যন্ত, এডিএসআরও- নৈহাটিতে রেজিস্ট্রিকৃত। **সম্পত্তির সীমানায় রয়েছে:** উত্তরে- ৮ ফুট প্রশস্ত মিউনিসিপ্যালের রাস্তা, দক্ষিণে- অনিল মিত্রর বাড়ি, পূর্বে- দলিলের দাতার সম্পত্তি, পশ্চিমে- ৯ ফুট প্রশস্ত মিউনিসিপ্যালের রাস্তা। সম্পত্তির মালিক: অসিত কুমার মিত্র। **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)**	৪,৮০,২১৬.৩৯ টাকা, সঙ্গে ০১.০২.২০২৩ থেকে পরবর্তী সুদ এবং খরচ	ক) ১০.০০ লক্ষ টাকা খ) ১.০০ লক্ষ টাকা গ) ০.১০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) ব্যাঙ্কের কাছে জানা নেই
৪.	ক) মেসার্স চক্রবর্তী এন্টারপ্রাইজ স্বত্বাধিকারী: মিঃ প্রবীর চক্রবর্তী, পিতা- স্বর্গীয় প্রফুল্ল চক্রবর্তী খ) হৃদয়পুর রেলওয়ে স্টেশন শাখা গ) PUNBABA40479359	সম্পত্তির বিল্ট আপ এরিয়া প্রায় ২৫৬ বর্গফুট দ্বিতীয় তলে মৌজা- হরিহরপুরে অবস্থিত, জে.এল নং ৪০, তৌজি নং ১৪৬, খতিয়ান নং ১৮৪, দাগ নং ১১৬৩, ওয়ার্ড নং ৫ (পুরনো), ৩১ (নতুন) হোল্ডিং নং ১৭৮/৪৪ বারাসত মিউনিসিপ্যালিটির অধীনে হৃদয়পুর স্টেশন রোড যার বিক্রয় দলিল নং আই-০৩৫০৫/০৪ তারিখ ২৫.০৬.২০০৪ অনুযায়ী প্রবীর চক্রবর্তীর নামে রয়েছে। **(সম্পত্তিটি বাস্তবিক দখলের অধীনে রয়েছে)**	২৫,৮১,৩৬৯.৮৮ টাকা, সঙ্গে ০১.১২.২০১৯ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং খরচ	ক) ৮.০০ লক্ষ টাকা খ) ০.৮০ লক্ষ টাকা গ) ০.১০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) ব্যাঙ্কের কাছে জানা নেই
৫.	ক) ১. মেসার্স দীপি নিটিং, স্বত্বাধিকারী: শ্রীমতি চামেলি বেহরা, স্বামী- শ্রী রঞ্জিত বেহরা ২. মিঃ রঞ্জিত বেহরা, পিতা- স্বর্গীয় প্রহ্লাদ বেহরা খ) হাবরা শাখা গ) PUNBABA40437675	জমি এবং ভবনের অবস্থান: হোল্ডিং নং ৩৭/১, বাণীপুর পূর্ব পাড়া, পোস্ট- বাণীপুর, থানা- হাবরা, জেলা- ২৪ পরগনা উত্তর, মৌজা- আসরাফাবাদের অধীনে, জে.এল নং ৮৪, হাল তৌজি নং ১৪, খতিয়ান নং ৮৭৯, দাগ নং ১৮২৪, যার সাথে ডিড নং ১৯৫, ২০০৬ সাল সম্পর্কিত, এটি এডিএসআর- হাবরায় রেজিস্ট্রিকৃত। সম্পত্তির মালিক: শ্রী রঞ্জিত বেহরা, পিতা- স্বর্গীয় প্রহ্লাদ বেহরা। **(সম্পত্তিটি বাস্তবিক দখলের অধীনে রয়েছে)**	৩৭,১৪,০১৫.২৩ টাকা, সঙ্গে ০১.০৪.২০১৭ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং খরচ	ক) ১৫.৩০ লক্ষ টাকা খ) ১.৫৩ লক্ষ টাকা গ) ০.১৫ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) ব্যাঙ্কের কাছে জানা নেই
৬.	ক) মেসার্স দিব্য ট্রেডার্স স্বত্বাধিকারী: আশা সিং স্বামী- সুরেন্দ্র সিং খ) জগদ্দল শাখা গ) PUNB57J26262598	বাস্তু জমির সমস্ত অংশের পরিমাপ প্রায় ২ কাঠা ৮ ছটাক ২৬ বর্গফুট বা ১৮২৬ বর্গফুট বা ৪.১৯ শতক ভবন সহ মৌজা- জগদ্দলে অবস্থিত, জে.এল নং ১৩, আরএস খতিয়ান নং ৪৫২, আরএস দাগ নং ১০৮২, হোল্ডিং নং ৯/১- এর স্থানীয় এক্তিয়ারের মধ্যে, বস্তি লেন নং ১৩, ভাটপাড়া মিউনিসিপ্যালিটির ওয়ার্ড নং ১৭, থানা- জগদ্দল, এডিএসআর- নৈহাটি, জেলা- উত্তর ২৪ পরগনা, বিক্রয় দলিল নং- ১৫০৭০৫০২৩, ২০১৫ সাল অনুযায়ী বই নং ১, ভলিউম নং ১৫০৭-২০১৫, পাতা ৪০১৬৮ থেকে ৪০১৮১ পর্যন্ত, এডিএসআরও- নৈহাটিতে রেজিস্ট্রিকৃত। **সম্পত্তির মালিক- আশা সিং।** **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)**	১১,৪৬,০০৮.৯৮ টাকা, সঙ্গে ০১.০৯.২০২২ থেকে পরবর্তী সুদ এবং খরচ	ক) ১৮.৯০ লক্ষ টাকা খ) ১.৮৯ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) এসএ/ ১০৭/ ২০২৩ ডিআরটি-৩, কলকাতায় মুলতুবি রয়েছে।
৭.	ক) ১. মেসার্স মা মনসা ইঞ্জিনিয়ারিং স্বত্বাধিকারী: বিশ্বনাথ সাহা, পিতা- স্বর্গীয় নারায়ণ সাহা ২. শিবনাথ সাহা খ) অশোকনগর কল্যাণগড় মিউনিসিপ্যালিটি শাখা গ) PUNBABA40446393	জমি এবং ভবনের ন্যায়সঙ্গত বন্ধকী মৌজা- কাঁকপুলে অবস্থিত, জে.এল নং ৩৩, খতিয়ান নং ১১৪৯, সিএস দাগ নং ১৬৬(পি), আরএস এবং এলআর দাগ নং ১৯২ অশোকনগর মিউনিসিপ্যালিটির স্থানীয় সীমার মধ্যে মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৫/৩৭/১১০, জমির মোট পরিমাপ ৪.৫৮৭ শতক ৩৭০ বর্গফুট ভবন সমেত যার বিক্রয় দলিল নং আই-৩৫০৪/২০১৩, বই- ১, সিডি ভলিউম নং ১২, পাতা ৩০৩৯ থেকে ৩০৪৯ পর্যন্ত এডিএসআর গুমায় রেজিস্টার করা রয়েছে। **সম্পত্তির মালিক: শিবনাথ সাহা। সম্পত্তির চারপাশে রয়েছে:** উত্তরে- মালতি সাহার প্লট নং ৩২৭/২১; দক্ষিণে- নিত্যানন্দ সাহার প্লট নং ৩২৭/বি/২১; পূর্বে- ৬ ফুট কমন প্যাসেজ; পশ্চিমে- সুনীল দাস এবং তুষার দাসের প্লট নং ৩ ২৮/২১। **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)**	১২,৪৫,৪৪৪.০৮ টাকা ৩০.০৮.২০২১ পর্যন্ত, সঙ্গে ০১.০৯.২০২১ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং খরচ	ক) ১০.০০ লক্ষ টাকা খ) ১.০০ লক্ষ টাকা গ) ০.১০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) এসএ/ ৯৫৩/ ২০২২ ডিআরটি-৩, কলকাতায় মুলতুবি রয়েছে।
৮.	ক) ১. মেসার্স মা এন্টারপ্রাইজ স্বত্বাধিকারী: মায়া সাহা স্বামী- অমল সাহা ২. অমল সাহা, স্ত্রী- মিসেস মায়া সাহা খ) নিউ ব্যারাকপুর শাখা গ) PUNBABA40338605	জমি ও ভবনের সমস্ত অংশ মৌজা- নাড়ুলায় অবস্থিত, জে.এল নং ১৫৫, রে.সু নং ৩১৬, তৌজি নং ২১৬৭, হাল তৌজি নং ১৪, এল.আর খতিয়ান নং ১৩৪৮, এলআর কৃষি ৩০৮/১, ১২৯০, ১২৮৯, ১, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ এবং ১২ যার সাথে আরএস এবং এলআর দাগ নং ১৯০১/২২০২, ১৯০১/২৫০১, ১৯০১/২৬২৬, ১৯০১/২৬২৮, ১৯০১/২৫১৮ সম্পর্কিত, মোট জমির পরিমাপ ৯৫ শতক মাসলান্দাপুর ২ নং জিপিতে অবস্থিত, থানা- হাবরা, জেলা- ২৪ পরগনা (উত্তর) দলিল নং আই-২৯০৭, ২০০৯ সাল অনুযায়ী মিসেস মায়া সাহার নামে রয়েছে। **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)**	৪২,২১,৪৪৪.৮৬ টাকা, সঙ্গে ৩০.০৬.২০১৭ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং খরচ	ক) ৫৪.০০ লক্ষ টাকা খ) ৫.৪০ লক্ষ টাকা গ) ০.৫৫ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) ব্যাঙ্কের কাছে জানা নেই
৯.	ক) ১. মেসার্স রাজলক্ষ্মী কন্সট্রাকশন স্বত্বাধিকারী: শ্রী মৃণাল কান্তি ঘোষ ২. স্বত্বাধিকারী: শ্রী মৃণাল কান্তি ঘোষ পিতা- শ্রী সুকুমার কান্তি ঘোষ ৩. শর্মিষ্ঠা ঘোষ, স্বামী- মৃণাল কান্তি ঘোষ ৪. সুকুমার কান্তি ঘোষ, পিতা- স্বর্গীয় বিমল কান্তি ঘোষ ৫. গীতা রানি ঘোষ, স্বামী- সুকুমার কান্তি ঘোষ খ) বেড়াচাঁপা শাখা গ) PUNBU4775813401	জমি এবং একতলা ভবনের ন্যায়সঙ্গত বন্ধকী মৌজা- দেউলিয়ায় অবস্থিত, জে.এল নং ৬৮, আরএস নং ১৬৮, তৌজি নং ২৪৬৯, দাগ নং ১২০৪, ১২০৩, খতিয়ান ৬৩৮ এবং ২৩৩২। ডিড নং আই-৭৯৪৪ অনুযায়ী জমির পরিমাপ ৮.২৫ শতক এবং ডিড নং আই-৭৯৪৫ অনুযায়ী জমির পরিমাপ ৮.২৫ শতক, মোট জমির পরিমাপ ১৬.৫০ শতক। বিক্রয় দলিল নং যথাক্রমে আই-৭৯৪৪, ১৯৮২ সাল এবং আই-৭৯৪৫, ১৯৮২ সাল অনুযায়ী সম্পত্তিটি সুকুমার কান্তি ঘোষ এবং গীতা রানি ঘোষের নামে রয়েছে। (সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)	৪৩,২২,৩৩৬.৫০ টাকা, সঙ্গে ০১.০৫.২০১৯ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং খরচ	ক) ১৫.৩০ লক্ষ টাকা খ) ১.৫৩ লক্ষ টাকা গ) ০.১৫ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ সকাল ১১:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত খ) এসএ/ ২৬৭/ ২০২০ ডিআরটি-৩, কলকাতায় মুলতুবি রয়েছে।
১০.	ক) ১. মল্লিক অ্যাকোয়া ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেডের ডিরেক্টরগণ ২. মহম্মদ শাহজাহান মল্লিক ওরফে সজন মল্লিক, মেসার্স মল্লিক অ্যাকোয়া ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর, পিতা- মহম্মদ সফিয়র মল্লিক ৩. নার্গিস বিবি, মেসার্স মল্লিক অ্যাকোয়া ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর খ) হৃদয়পুর রেলওয়ে স্টেশন শাখা গ) সম্পত্তি ১: PUNBABA40366151 সম্পত্তি ২: PUNBABA40335812	সম্পত্তি ১: ন্যায়সঙ্গত বন্ধকী জমি সঙ্গে কারখানা মৌজা- ভুরকুণ্ডায় অবস্থিত, জে.এল নং ২৩, রে.সা নং ১৩২, তৌজি ২০৪৯, সাবেক খতিয়ান নং ২০৮ এবং খতিয়ান নং ৩৯৮, দাগ নং ৩৪৫, থানা- অশোকনগর, মোট জমির পরিমাপ ০৪ শতক, সম্পত্তিটি শাহজাহান মল্লিকের নামে রয়েছে সংশ্লিষ্ট রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং ২৩৭১, ২০০৪ সালের, রেজিস্ট্রিকৃত এ.ডি.এস.আর.ও গুমা, বই নং ১, সি.ডি ভলিউম নং ৪৩, পৃষ্ঠা নং ৬৭ থেকে ৭২-এ নথিবদ্ধ, **সীমানায় রয়েছে:** উত্তরে- অহছানুল হকের সম্পত্তি, দক্ষিণে- বিক্রেতার সম্পত্তি, পূর্বে- রাস্তা, পশ্চিমে- বিক্রেতার সম্পত্তি। (সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে) **সম্পত্তি ২:** ন্যায়সঙ্গত বন্ধকী জমি এবং বাড়ি মৌজা- ভুরকুণ্ডায় অবস্থিত, আর.এস খতিয়ান নং ৪০৮ এবং ১১০, খতিয়ান নং এল.আর ১৪৮(ক্) এবং ২১৯/১(ক্) দাগ নং ২১২ ও ২১৩, অশোক নগর থানার অধীনে। মোট জমির পরিমাপ ২০ শতক, সম্পত্তিটি শাহজাহান মল্লিকের নামে রয়েছে সংশ্লিষ্ট বিক্রয় দলিল নং ২৩৭২, ২০১১ সালের, রেজিস্ট্রিকৃত এ.ডি.এস.আর.ও গুমা, বই নং ১, ভলিউম নং ৮, পৃষ্ঠা নং ২৫৪৬ থেকে ২৫৬৬- এ নথিবদ্ধ। **সীমানায় রয়েছে:** উত্তরে- ১৫ ফুট পাকা রাস্তা, দক্ষিণে- কবরস্থান, পূর্বে- পরিমল মজুমদার এবং মাদ্রাসার সম্পত্তি, পশ্চিমে- সুধীর ভট্টের দোকান। **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)**	৩৯,৯২,৪৮৩.১৭ টাকা ৩১.০৩.২০২১ পর্যন্ত সঙ্গে ০১.০৪.২০২১ থেকে পরবর্তী সুদ	সম্পত্তি ১: ক) ১৭.০০ লক্ষ টাকা খ) ১.৭০ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা সম্পত্তি ২: ক) ৪৭.০০ লক্ষ টাকা খ) ৪.৭০ লক্ষ টাকা গ) ০.৫০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ তারিখ সকাল ১১:০০ টা থেকে বিকেল ০৪:০০ টে পর্যন্ত খ) এসএ/ ৫৩০/ ২০২১ ডিআরটি-৩, কলকাতায় অমীমাংসিত
১১.	ক) মেসার্স পূর্ণিমা ইলেক্ট্রনিক্স অংশীদারগণ: ১. মিঃ তরুণ রাউথ, পিতা- শ্রী তপন রাউথ ২. মিঃ তপন রাউথ, পিতা- স্বর্গীয় দীনেশ চন্দ্র রাউথ ৩. মিঃ কল্যাণ শর্মা সরকার, পিতা- মিঃ কমল শর্মা সরকার শ্রীমতি হৈমন্তী মৈত্র (রাউথ), মেসার্স পূর্ণিমা ইলেক্ট্রনিক্স- এর জামিনদাতা, স্বামী- মিঃ তরুণ রাউথ খ) গারুলিয়া শাখা গ) সম্পত্তি-১: UNB3E659947708 সম্পত্তি-২: PUNBABA40381709	সম্পত্তি ১: বাস্তু জমির সমস্ত অংশের পরিমাপ ০২ কাঠা ০২ ছটাক ২৭ বর্গফুট একই সঙ্গে গ্রাউন্ড ফ্লোরে আচ্ছাদিত এরিয়া পরিমাপ ১১২৫ বর্গফুট একই সঙ্গে সমস্ত স্বাচ্ছন্দ্যের সুবিধার অধিকার, মৌজা- গড় শ্যামনগরে অবস্থিত, জে.এল নং ১৯, তৌজি নং ৩৯বি-১, খতিয়ান নং ৭ এবং ১৬, দাগ নং ১০২ এবং ১০৩, দলিলের সঙ্গে যুক্ত স্কেচের নকশা অনুযায়ী লাল বর্ডার দ্বারা লট নং ‘এ’ চিহ্নিত, যার হোল্ডিং নং ১৪, গারুলিয়া মিউনিসিপালিটির ওয়ার্ড নং ২১(নতুন)- এর সীমার মধ্যে, থানা- জগদ্দল, এ.ডি.এস.আর- নৈহাটি, জেলা- উত্তর ২৪ পরগনা সংশ্লিষ্ট দানপত্র নং আই-১০৬, ২০০৬ সালের বই নং ১, ভলিউম নং ৪, পৃষ্ঠা নং ১৯৯-২০৮- এ নথিবদ্ধ যার এ.ডি.এস.আর.ও- নৈহাটি। **সম্পত্তিটি তরুণ রাউথের নামে রয়েছে। (সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)।** **সম্পত্তি ২:** ফ্ল্যাট নং “এ”- এর সমস্ত অংশ চতুর্থ তলে জি+৩ তল ঋতুজা কমপ্লেক্স নামক ভবনে অবস্থিত, পরিমাপ প্রায় ৬৯৭ বর্গফুট আচ্ছাদিত এরিয়া সামান্য কম বেশি যার মধ্যে রয়েছে দুটি শোওয়ার ঘর, একটি ড্রয়িং কাম ডাইনিং রুম, একটি ঠাকুরঘর, একটি ব্যালকনি, দুটি বাথরুম এবং একটি রান্নাঘর একই সঙ্গে কমন এরিয়া এবং সুবিধা এবং সঙ্গে জমির অবিভক্ত সীমানাবিহীন আনুপাতিক ভাগ যার পরিমাপ প্রায় ০৩ কাঠা ০৩ ছটাক ৬ বর্গফুট সামান্য কম বেশি মৌজা- মুলাজোরে অবস্থিত, জে.এল নং ১৮, তৌজি নং ৬৫৫, আর.এস নং ৪৫, দাগ নং ৫৯৬, খতিয়ান নং ১৫৮৩, হোল্ডিং/প্রেমিসেস নং ৩৬৪/৮, বাসুদেবপুর রোড, ভটিপাড়া মিউনিসিপাল এরিয়ার ওয়ার্ড নং ২৫- এর আঞ্চলিক এক্তিয়ারের অধীনে, পোস্ট- শ্যামনগর, থানা- জগদ্দল, জেলা- উত্তর ২৪ পরগনা, সংশ্লিষ্ট দলিল নং আই-০৪৬২১, ২০০৮ সালের, বই নং ১, ভলিউম নং ৩, পৃষ্ঠা নং ১৯৬৯২ থেকে ১৯৭১৫- এ নথিবদ্ধ যার ডি.এস.আর-১ বারাসত। **সম্পত্তিটি শ্রীমতি হৈমন্তী মৈত্র (রাউথ) এবং শ্রী তরুণ রাউথের মালিকানাধীনে রয়েছে।** **(সম্পত্তিটি প্রতীকী দখলের অধীনে রয়েছে)।**	২,৪৩,৪৪,৯৩১.২৫ টাকা সঙ্গে ০১.০৪.২০২৩ থেকে পরবর্তী সুদ এবং খরচসমূহ।	সম্পত্তি ১: ক) ৪১.৫০ লক্ষ টাকা খ) ৪.১৫ লক্ষ টাকা গ) ০.৪০ লক্ষ টাকা সম্পত্তি ২: ক) ১৮.০০ লক্ষ টাকা খ) ১.৮০ লক্ষ টাকা গ) ০.২০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ তারিখ সকাল ১১:০০ টা থেকে বিকেল ০৪:০০ টে পর্যন্ত খ) এসএ/ ৯০৬/ ২০২৩ ডিআরটি-৩, কলকাতায় অমীমাংসিত
১২.	ক) ১. মেসার্স এসপি এন্টারপ্রাইজ ২. মহম্মদ শাহিদুল ইসলাম পিতা- স্বর্গীয় আবু বকর সিদ্দিক ৩. আবু সইদ সিদ্দিক পিতা- আবু জাফর সিদ্দিক মেসার্স এসপি এন্টারপ্রাইজের জামিনদাতা খ) ব্যারাকপুর শাখা গ) PUNBABA40405359	বন্ধকীর সমতুল্য বিভাজিত আবাসিক হলঘর যা রয়েছে ১৪৯৫/১/ এফ, ২য় তলা, নবপল্লী সার্কুলার রোড, পোস্ট- নবপল্লী, থানা- বারাসত, কলকাতা- ৭০০ ১২৬, মৌজা- বালুরিয়া, জেএল নং- ৩৭, রেসা নং-২২৭, সিএস খতিয়ান নং- ৭৪৯, দাগ নংগুলি- ৯৭০ ও ৯৭১, মোট জমির পরিমাপ ৯ শতক বিল্ট আপ এরিয়া, যা রয়েছে একটি অবিভক্ত আবাসিক হলঘরে যার পরিমাপ ৩০০০ বর্গফুট, **সম্পত্তিটি মহম্মদ শাহিদুল ইসলামের নামে রয়েছে, যার দলিল নং- আই-৩৩৫৬, ২০০৮ সালের।** **(প্রতীকী দখলের অধীনে)**	২৬,৯৫,০৪২.০০ টাকা একই সঙ্গে ০১.১০.২০১৯ তারিখ থেকে বাকি সুদ এবং ব্যয়সমূহ	ক) ৪০.৫০ লক্ষ টাকা খ) ৪.০৫০ লক্ষ টাকা গ) ০.৪০ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ বেলা ১১:০০ থেকে বিকেল ৪:০০ পর্যন্ত খ) ব্যাঙ্কের জানা নেই
১৩.	ক) ১. মেসার্স সঞ্জীব এন্টারপ্রাইজ স্বত্বাধিকারী: শ্রী সঞ্জীব সিং ২) শ্রী সঞ্জীব সিং পিতা- শ্রী শ্রী বীরেন্দ্র সিং ৩) শ্রীমতি জ্যোতি সিং স্বামী- শ্রী সঞ্জীব সিং খ) নিউ ব্যারাকপুর শাখা গ) PUNBU5764526902	একটি গুদাম-সহ-দপ্তরের সমস্ত অংশ, যার নং- জি-এ, এবং একতলায় উত্তর দিকে একটি শৌচালয়। জায়গার পরিমাপ ৪৯০ বর্গফুট কমবেশি, ব্লক-বি-তে মোট জমিসহ সম্পত্তি ১০ কাঠা ৭ ছটাক ১৮ বর্গফুট কমবেশি, যার হোল্ডিং নং- ২৪৯, শরৎ বোস রোড, কলকাতা- ৭০০ ০০৬৫, দক্ষিণ দমদম পৌরসভার স্থানীয় সীমার মধ্যে,ওয়ার্ড নং-৫, মূল তপশীলে অবস্থিত, মৌজা- দীঘলা, জেএল নং- ১৮, আরএস নং- ১৬১, তৌজি নং- ১৮১, দাগ নং- ৫৪১, আরএস খতিয়ান নং- ১৫৭০, সিএস খতিয়ান নং- ৬৮০-এর অধীনে,থানা- দমদম, জেলা-উত্তর ২৪ পরগনা, দলিল নং- ০৭৭৮০, ২০১৩ সালের, নিবন্ধিত বই নং-১, সিডি ভলিউম নং- ১৮, পৃষ্ঠা ৭৩৭৮ থেকে ৭৪০০ পর্যন্ত, এডিএসআরও কাশীপুর দমদম-এ নিবন্ধিত। **সম্পত্তিটি শ্রী সঞ্জীব সিংহের মালিকানাধীন।** **(প্রতীকী দখলের অধীনে)**	৬৩,১৬,৫৩৩.৪১ টাকা একই সঙ্গে ০১.০৯.২০২১ তারিখ থেকে বাকি সুদ এবং ব্যয়সমূহ	ক) ১৭.১০ লক্ষ টাকা খ) ১.৭১ লক্ষ টাকা গ) ০.১৫ লক্ষ টাকা	ক) ২৪.০২.২০২৫ বেলা ১১:০০ থেকে বিকেল ৪:০০ পর্যন্ত খ) এসএ/ ৭৫৩/২০২১ ডিআরটি-৩, কলকাতা আদালতের সমীপে বিচারাধীন

—ঃ ই-নিলামের নিয়ম ও শর্তাবলী ঃ—

এই সমস্ত সম্পত্তিগুলির বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী ২০০২-এর শর্ত অনুযায়ী হবে এবং নিম্নলিখিত শর্তগুলিও লাগু হবে:

১. নিলামের বিক্রয় ‘অনলাইন ই-নিলামের মাধ্যমে সম্পন্ন হবে’, পোর্টালের লিঙ্ক https://baanknet.com।

২. উৎসাহী দরদাতা/ক্রেতাদের তাদের মোবাইল নং এবং ই-মেল আইডি দিয়ে পোর্টালে (https://baanknet.com) রেজিস্টার করার অনুরোধ করা হচ্ছে। ই-কেওয়াইসি পদ্ধতিটি ডিজিলকার মাধ্যমে হবে। একবার ই-কেওয়াইসি যাচাই হয়ে গেলে, আগ্রহী দরদাতা/ ক্রেতারা ইএমডি মূল্য তাঁদের ই-ওয়ালেটে অনলাইন/ চালান মোডের মাধ্যমে জমা করতে পারবেন। পোর্টালে ইএমডি জমা দেওয়ার তারিখ ও সময়ের আগে ইএমডি মূল্য তাঁদের সম্পত্তির সঙ্গে লিঙ্ক করতে হবে। রেজিস্ট্রেশন, ই-কেওয়াইসি-র যাচাইকরণ, ওয়ালেটে ইএমডির হস্তান্তর এবং সম্পত্তির সঙ্গে ওয়ালেটের মূল্যের লিঙ্ক আবশ্যিক ভাবে যথাসময়ের পূর্বে, ইএমডি জমা দেওয়ার তারিখ ও সময়ের/ নিলামের আগে হতে হবে।

৩. আগে বলা মতো অগ্রিম জমা দেওয়ার মূল্য (ইএমডি) ই-ওয়ালেটে জমা করতে হবে, যেটি সম্পত্তির সঙ্গে লিঙ্ক করা থাকবে। দরদাতারা ইএমডি জমা দেওয়ার তারিখ ও সময়ের আগে যদি লিঙ্ক না করেন, তবে তাঁকে ই-নিলামে অংশগ্রহণ করতে দেওয়া হবে না। অগ্রিম জমার মূল্য কোনও সুদ বহন করে না।

৪. ই-নিলামের প্ল্যাটফর্ম (https://baanknet.com) প্রদান করবে ই-নিলামের পরিষেবাদাতা মেসার্স পিএসবি অ্যালাইন্স প্রাইভেট লিমিটেড যার নথিবদ্ধ কার্যালয়: ইউনিট ১, চতুর্থ তল, ভিআইওএস কমার্শিয়াল টাওয়ার, ওয়াদেলা ট্রাক টার্মিনালের কাছে, ওদেলা ইস্ট, মুম্বই- ৪০০ ০৩৭ (হেল্পডেস্ক নম্বর: +৯১-৮২৯১২ ২০২২০ ই-মেল আইডি: support.BAANKNET@psballiance.com)। আগ্রহী দরদাতা/ ক্রেতারা ই-নিলামে অংশগ্রহণ করার জন্য https://baanknet.com ওয়েবসাইট ব্যবহার করবেন। এই পরিষেবাদাতাই পোর্টালে ই-নিলামের অনলাইন প্রদর্শন এবং প্রশিক্ষণের ব্যবস্থা করবে।

৫. বিক্রির সাধারণ শর্তাবলী সহ বিক্রয়ের বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইটগুলিতে প্রকাশিত হয়েছে বা পাওয়া যাবে— (১) https://baanknet.com (২) www.pnbindia.in।

৬. ই-নিলামের আগ্রহী অংশগ্রহণকারীরা বিক্রির বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্তাবলী, ই-নিলামের কার্যকরী অংশের হেল্প ম্যানুয়ালের বিনামূল্যে অনলাইন কপি ডাউনলোড করতে পারেন ই-বিক্রয় পোর্টাল থেকে (https://baanknet.com)।

৭. দর দেওয়ার সময় দরদাতাদের ই-ওয়ালেটে যথাযথ মূল্য (ইএমডি মূল্যের সমান বা বেশি) থাকতে হবে।

৮. নিলামের সময় দরদাতাদের উচ্চ দর দেওয়ার সুযোগ দেওয়া হবে। ইন্টার-সে বিডিং-এর সময় দরদাতাকে আগের নথিভুক্ত দরের থেকে বেশি মূল্যের দর দিতে হবে। দরের মূল্য পূর্ববর্তী উচ্চতম দরের থেকে বেশি হতে হবে। পরবর্তী উচ্চতর দর দেওয়ার জন্য দরদাতাদের দুই মিনিট সময় দেওয়া হবে। দুই মিনিট পূর্ণ হওয়ার পর যদি কোনও দরদাতার থেকে কোনও উচ্চতর দর পাওয়া না যায় সে ক্ষেত্রে ই-নিলাম বন্ধ হয়ে যাবে।

৯. বিক্রয় বিজ্ঞপ্তি, ই-নিলামের নিয়ম ও শর্তাবলী, ই-নিলাম চালানোর পদ্ধতির হেল্প ম্যানুয়াল যথাযথ ভাবে পড়া এবং তা মান্য করে চলা আগ্রহী দরদাতা(গণ)-এর দায়িত্বের মধ্যে পড়ে।

১০. ই-নিলামের আগে অথবা ই-নিলাম চলাকালীন কোনও রকম অসুবিধা হলে সাহায্যের জন্য পরিষেবাদাতা মেসার্স পিএসবি অ্যালাইন্স প্রাইভেট লিমিটেডের অনুমোদিত প্রতিনিধির সাথে যোগাযোগ করা যেতে পারে। এর বিশদ তথ্য ব্যাঙ্কনেট পোর্টালে পাওয়া যাবে।

১১. অনুমোদিত আধিকারিক দ্বারা ই-নিলামের চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার পরে শুধুমাত্র সফল দরদাতাদের এসএমএস বা ই-মেলের মাধ্যমে উপরে দেওয়া পরিষেবাদাতার পক্ষ ফলাফল থেকে জানানো হবে। (দরদাতাদের দেওয়া এবং পরিষেবাদাতার কাছে রেজিস্টার হওয়া মোবাইল নম্বর এবং ই-মেল আইডিতে)

১২. সুরক্ষিত সম্পত্তিগুলি সংরক্ষিত মূল্যের কম দামে বিক্রি হবে না।

১৩. সফল দরদাতাদের সেই দিন অথবা একটি কাজের দিনের মধ্যে চূড়ান্ত দরের ২৫% (পঁচিশ শতাংশ), ইএমডিএর জমা দেওয়া টাকা বাদ দিয়ে জমা করতে হবে এবং বাকি মূল্য নিলামের ১৫ দিনের মধ্যে জমা করতে হবে। যদি ব্যাঙ্কার্স চেক বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে উল্লিখিত মূল্য দেওয়া হয় তবে তা ‘অনুমোদিত অফিসার, পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক, অ্যাকাউন্ট (সানড্রে-এনপিএ/ সারফায়েসি/ নিলাম সম্পর্কিত), পেয়েবল অ্যাট কলকাতা’ নামে হতে হবে। যদি উল্লিখিত সময়ের মধ্যে কোনও দরদাতা উক্ত মূল্য জমা দিতে ব্যর্থ হন তবে দরদাতার আগে দেওয়া সমস্ত মূল্য বাজেয়াপ্ত হবে এবং অনুমোদিত আধিকারিক কর্তৃক ওই সম্পত্তির নতুন করে নিলামে বিক্রয়ের ব্যবস্থা হবে। সংশ্লিষ্ট দরদাতার ওই মূল্যের এবং সম্পত্তিটির উপরে কোনও রকম দাবি থাকবে না।

১৪. ইনকাম ট্যাক্স অ্যাক্ট ১৯৬১-এর বিভাগ ১৯৪-১এ অনুযায়ী সফল দরদাতা/ ক্রেতা দেওয়া মূল্যের উপর কর লাগু হবে। সফল দরদাতা/ ক্রেতাকে বিক্রয় মূল্যের বাকি ৭৫% জমা দেওয়ার সময়ে এই টিডিএস জমা দিতে হবে।

১৫. অনুমোদিত অফিসারের কোনও কারণ না দেখিয়ে কোনও দর নেওয়া বা বর্জন করার অথবা নিলাম স্থগিত/ পিছানো/ বাতিল করবার সম্পূর্ণ অধিকার রয়েছে এবং যে কোনও অবস্থায় তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. সফল দরদাতাকে ব্যাঙ্কের পক্ষ থেকে সম্পূর্ণ দরের মূল্য মিটিয়ে দেওয়ার পরেই নিয়ম অনুযায়ী বিক্রয়ের শংসাপত্র দেওয়া হবে।

১৭. সম্পত্তিগুলি ‘যেখানে আছে সেখানে’, ‘যেমন আছে তেমন’ এবং ‘যা কিছু আছে তা’ শর্তে বিক্রি হবে।

১৮. উপরে দেওয়া তথ্যগুলি অনুমোদিত অফিসারদের পাওয়া সর্বোৎকৃষ্ট তথ্য কিন্তু অনুমোদিত অফিসার এতে কোনও রকম ভুল বা তথ্যগত ত্রুটি বা তথ্যের অনুপস্থিতির জন্য কৈফিয়ত দিতে বাধ্য থাকবে না।

১৯. সম্পত্তির ব্যাপারে এবং প্রদত্ত তথ্যের তাঁরা খুশি কিনা তা সফল ভাবে দর দেওয়ার আগে যাচাই করে দেখা দরদাতাদের কর্তব্য। দরদাতার প্রদত্ত তথ্য অনুযায়ী সংশ্লিষ্ট দাপ্তরিকের সাথে আলোচনা করে সম্পত্তিটি পরিদর্শন করে নিতে পারেন।

২০. সমস্ত বিধিবদ্ধ বাকি/ উপস্থিতির খরচ/ অন্যান্য বাকি যার মধ্যে রেজিস্ট্রেশনের খরচ, স্ট্যাম্প ডিউটি, করসমূহ ইত্যাদি সফল দরদাতাকেই বহন করতে হবে।

২১. ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক ই-নিলাম হওয়া সম্পত্তি সংক্রান্ত ব্যাঙ্কের অজানা কোনও সরকারি বকেয়া অর্থ বা অন্য দায়ের জন্য দায়ী থাকবেন না। আগ্রহী দরদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে যে, তাঁরা নিজস্ব নিজস্ব স্বাধীন অনুসন্ধানের মাধ্যমে সম্পত্তির বিধিবদ্ধ দায়, সম্পত্তি কর বা বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি কিছু রয়েছে কিনা জেনে নিন।

২২. নিলামের সময়ে ইন্টারনেটের সঠিক কানেকশন, এবং বিদ্যুৎ সংক্রান্ত জরুরি ব্যবস্থা ইত্যাদির ব্যাপারে দরদাতার সুনিশ্চিত হওয়া উচিত। কোনও রকম ইন্টারনেট বা বিদ্যুৎ যোগাযোগ বা প্রযুক্তিগত সমস্যার জন্য ই-নিলামে প্রভাব পড়লে সে ক্ষেত্রে ব্যাঙ্ক দায়ী থাকবে না।

২৩. নিলামে অংশগ্রহণের জন্য কোনও প্রতিনিধি নিয়োগ করা বা নিজেই দরদান করার ব্যাপারে ব্যাঙ্কের কোনও বিধিনিষেধ নেই।

২৪. বিক্রয়ের নিয়ম ও শর্তাবলী বিশদ ভাবে দেখতে, অনুগ্রহ করে যান https://baanknet.com এবং www.pnbindia.in।

তারিখ: ০৮.০২.২০২৫
স্থান: বারাসত

অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক